


শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৩.২০১৮-১১

তারিখ: ২০ পৌষ ১৪২৮  
০৪ জানুয়ারি ২০২২

**বিষয়: কারণ দর্শানোর নোটিশ**

আপনি জনাব মো: সাজ্জাদ মাহমুদ তালুকদার, চেয়ারম্যান, জামালগঞ্জ সদর ইউনিয়ন পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ এর বিরুদ্ধে সরকারি নির্দেশ অমান্য করে তার ইউনিয়ন পরিষদে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৬ তম শাহাদত বার্ষিকী পালন উপলক্ষ্যে ড্রপডাউন ব্যানার ব্যবহার ও জাতীয় পতাকা (অর্ধনমিত করে) উত্তোলন না করে দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের অভিযোগ স্থানীয় তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ০৪ জানুয়ারি, ২০২২ তারিখের ১০ নং স্মারকের প্রজ্ঞাপনমূলে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (ঘ) ধারার অপরাধ সংঘটিত করার অপরাধে কেন আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

  
(মোহাম্মদ আজিজুল ইসলাম)  
উপসচিব  
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪  
ইমেইল-up1lgd@gmail.com-

জনাব মো: সাজ্জাদ মাহমুদ তালুকদার  
চেয়ারম্যান (সাময়িক বরখাস্ত) জামালগঞ্জ সদর ইউনিয়ন পরিষদ  
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

**বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ (উল্লিখিত ইউপি চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

- ১। বিভাগীয় কমিশনার, সিলেট।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।